Itminan Noorani Kindergarten Board, Bangladesh.

Play to Five with General & Hifz-e-quran.

# Itminan

# English Grammar & Composition

## For Class One

Written By

Mawlana Musa Khan

Khatib, Modhubagh Central Masjid, Muhaddith at Konapara Madrasa

Principal, Madrasaye Abu Hurayra (Ra.)

Editor

Mufti Akram Hossain

Takhassus Fil Fiqh, Akbor Complex, Mirpur

Itminan Publications

## Lesson–04 VOWEL And CONSONANT (ভাউআল অ্যান্ড কন্‌সানান্ট) - স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ

Word থেকে Language-এর সৃষ্টি। আর Word লিখতে হলে Vowel এবং Consonant-এর প্রয়োজন হয়। উচ্চারণের সুবিধার্থে বাংলা ভাষার যেমন স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ রয়েছে; তেমনি ইংরেজি ভাষায়ও Vowel ও Consonant রয়েছে।

❑ Vowel (স্বরবর্ণ) কাকে বলে? Vowel কয়টি ও কী কী?

➢ যে Letter অন্য Letter-এর সাহায্য ছাড়া নিজে নিজে উচ্চারিত হয়, তাকে Vowel বলে। ইংরেজি ভাষায় Vowel ৫টি। যথা :

| | | | | |
|---|---|---|---|---|
| A (এ) | E (ই) | I (আই) | O (ও) | U (ইউ) |

❑ Consonant (ব্যঞ্জনবর্ণ) কাকে বলে? Consonant কয়টি ও কী কী?

➢ যে Letter, Vowel-এর সাহায্য ছাড়া নিজে নিজে উচ্চারিত হয় না, তাকে Consonant বলে। Consonant ২১টি। যথা :

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| B (বি) | C (সি) | D (ডি) | F (এফ) | G (জি) | H (এইচ) | J (জে) |
| K (কে) | L (এল) | M (এম্) | N (এন্) | P (পি) | Q (কিউ) | R (আর্) |
| S (এস্) | T (টি) | V (ভি) | W (ডব্লিউ) | X (এক্স) | Y (ওয়াই) | Z (জেড্) |

❑ Semi–vowel (অর্ধ-স্বরবর্ণ) কাকে বলে?

➢ W এবং Y– এ দুটি Letter কোনো Word–এর শুরুতে বসলে Vowel রূপে এবং মাঝে বসলে Consonant রূপে কাজ করে। তাই এ Letter দুটিকে Semi–vowel বলে।

### EXERCISE (অনুশীলনী)

1. Vowel কাকে বলে?
2. Vowel কয়টি ও কী কী?
3. Consonant কাকে বলে?
4. Consonant কয়টি ও কী কী?
5. সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দাও :

   i. ইংরেজিতে Vowel কয়টি?

   (a) ৫ (b)২১ (c) ২৬ (d) ৩৯

   ii. ইংরেজিতে Consonant কয়টি

   (a) ৫ (b) ২৬ (c) ২১ (d) ৩৯

## Lesson–06 Sentence (সেন্‌টান্‌স)- বাক্য

Sentence শব্দের অর্থ বাক্য। কতগুলো Word–অর্থ অনুসারে সাজিয়ে লিখে একটি Sentence তৈরি করা হয়। যেমন : This is a boy. কিন্তু Word–গুলো এলোমেলোভাবে লিখলে এর দ্বারা মনোভাব প্রকাশ পাবে না। তাই এটিকে Sentence বলা যাবে না। যেমন : boy this a is. এখানে প্রতিটি Word–এর অর্থ থাকলেও Grammar–এর নিয়ম–কানুন মেনে সাজানো হয়নি বলে এটি কোনো Sentence নয়।

নিচের ছকটি লক্ষ করো :

| | | |
|---|---|---|
| boy, this, a, is | This is a boy. |  |
| Word (শব্দ) | Sentence (বাক্য) | |

Note : Sentence-এর প্রথম অক্ষর Captial letter হয়।

- Sentence (বাক্য) কাকে বলে? একটি উদাহরণ দাও।

➢ কয়েকটি Word একসাথে বসে মনের সম্পূর্ণ ভাব প্রকাশ করলে, তাকে Sentence বলে। যেমন : This is a pen.-এটি একটি কলম।

- Sentence–এর কয়টি অংশ ও কী কী?

➢ প্রত্যেক Sentence–এর দুটি অংশ। যথা :

1. Subject (উদ্দেশ্য) এবং
2. Predicate (বিধেয়)

- Subject কাকে বলে? উদাহরণসহ লেখো।

➢ কোনো Sentence–এ ব্যক্তি বা বস্তু সম্পর্কে কিছু বলা হয়, তাকে Subject (উদ্দেশ্য) বলে। যেমন : We drink water –এ বাক্যে 'We' হচ্ছে Subject.

- Predicate কাকে বলে? উদাহরণসহ লেখো।

➢ কোনো Sentence–এ Subject সম্পর্কে যা–কিছু বলা হয়, তাকে Predicate (বিধেয়) বলে। যেমন : We drink water.–এ বাক্যে 'We' সম্পর্কে কিছু বলা হয়েছে। তাই 'drink water' হচ্ছে Predicate.

## Lesson–10 GENDER (জেন্ডার)- লিঙ্গ

Gender শব্দের অর্থ লিঙ্গ। ইংরেজি ভাষায় কোনোটি পুরুষবাচক, কোনোটি স্ত্রীবাচক, কোনোটি পুরুষ ও স্ত্রী উভয়ই এবং কোনোটি অপ্রাণিবাচক বা ক্লীবলিঙ্গবাচক শব্দ তা Gender-এর সাহায্যে বোঝা যায়। Noun ও Pronoun-এর Gender হয়। অন্য কোনো Parts of Speech-এর হয় না।

### ❑ Gender (লিঙ্গ) কাকে বলে?

➢ যে Noun বা Pronoun দ্বারা পুরুষ কিংবা স্ত্রী এবং পুরুষ ও স্ত্রী উভয়ই অথবা পুরুষ বা স্ত্রী কিছুই বোঝায় না, তাকে Gender বলে। যেমন : Boy, Girl, Infant, Brick ইত্যাদি।

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| | | | |

### ❑ Gender কতো প্রকার ও কী কী?

➢ Gender চার প্রকার। যথা :

1. Masculine Gender (পুংলিঙ্গ)
2. Feminine Gender (স্ত্রীলিঙ্গ)
3. Common Gender (উভয়লিঙ্গ)
4. Neuter Gender (ক্লীবলিঙ্গ)

### ❑ Masculine Gender কাকে বলে? উদাহরণ দাও।

➢ যে Noun বা Pronoun দ্বারা শুধু পুরুষ জাতিকে বোঝায়, তাকে Masculine Gender বলে। যেমন : Father, Boy, Son, Dog, Lion, King He,ইত্যাদি।

### ❑ Feminine Gender কাকে বলে? উদাহরণ দাও।

➢ যে Noun বা Pronoun দ্বারা শুধু স্ত্রী জাতিকে বোঝায়, তাকে Feminine Gender বলে। যেমন : Mother, Girl, Daughter, Bitch, Lioness, Queen, She ইত্যাদি।

### ❑ Common Gender কাকে বলে? উদাহরণ দাও।

➢ যে Noun বা Pronoun দ্বারা পুরুষ ও স্ত্রী উভয় জাতিকে বোঝায়, তাকে Common Gender বলে। যেমন : Child, Baby, Parent, Friend, Teacher, Student, Army ইত্যাদি।

### ❑ Neuter Gender কাকে বলে? উদাহরণ দাও।

➢ যে Noun বা Pronoun দ্বারা পুরুষ বা স্ত্রী কিছুই না বুঝিয়ে অচেতন পদার্থকে বোঝায়, তাকে Neuter Gender বলে। যেমন : Book, Pen, Gold, Ball, Chair, Wood ইত্যাদি।

## Lesson–12 Tense (টেন্‌স)- কাল

Tense অর্থ কাল বা ক্রিয়ার কাল। ক্রিয়া বিভিন্ন সময়ে সংঘটিত হয়। ক্রিয়া যে সময় সংঘটিত হয় তা–ই Tense. একটি Verb তিনটি সময়ে সম্পন্ন হতে পারে।

❑ Tense (কাল) কাকে বলে?

➢ ক্রিয়া সম্পাদনের সময়কে Tense (কাল) বলে।

❑ Tense প্রধানত কতো প্রকার ও কী কী?

➢ Tense প্রধানত তিন প্রকার। যথা :
a. Present tense (বর্তমান কাল)।
b. Past tense (অতীত কাল)।
c. Future tense (ভবিষ্যৎ কাল)।

❑ Present tense কাকে বলে? উদাহরণ দাও।

➢ বর্তমানে কোনো কাজ হয়, হচ্ছে বা হয়েছে এরূপ বোঝালে, তাকে Verb–এর Present tense বলে। যেমন : I **eat** rice. (আমি ভাত খাই।) He is **sleeping**. (সে ঘুমাচ্ছে।)

❑ Past tense কাকে বলে? উদাহরণ দাও।

➢ অতীতে কোনো কাজ সংঘটিত হয়েছিল বা ঘটেছিল বোঝালে, তাকে Verb–এর Past tense বলে। যেমন : I **ate** rice. (আমি ভাত খেয়েছিলাম) He **was sleeping**. (সে ঘুমাচ্ছিল)

❑ Future tense কাকে বলে? উদাহরণ দাও।

➢ ভবিষ্যতে কোনো কাজ সংঘটিত হবে এরূপ বোঝালে, তাকে Verb–এর Future tense বলে। যেমন : I **shall eat** rice. (আমি ভাত খাব।)
He **will be sleeping**. (সে ঘুমাতে থাকবে।)

### EXERCISE (অনুশীলনী)

1. Tense কাকে বলে? এটি কতো প্রকার ও কী কী?
2.Present কাকে বলে? উদাহরণ দাও।
3. Past tense কাকে বলে? উদাহরণ দাও।
4. Future tense কাকে বলে? উদাহরণ দাও।
5. সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দাও :

i. Tense শব্দের অর্থ কী?

(a) কাল (b) শব্দ (c) সময় (d) ভাষা

ii. Tense কতো প্রকার?

(a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ

## Lesson–4 PATRS OF SPEECH

### Noun (বিশেষ্য)

আমার নাম মীনা – My name is **Meena**.

ঢাকা রাজধানী শহর – **Dhaka** is a capital city.

জাপান একটি দেশ – **Japan** is a country.

লোহা দরকারি – **Iron** is useful.

### Pronoun (সর্বনাম)

আমি পড়ি – **I** read.

সে পড়ে – **He** reads.

সে একজন বালিকা – **She** is a girl.

তিনি আমার মা – **She** is my mother.

আমরা ছাত্র – **We** are students.

তোমরা শিক্ষক – **You** are teachers.

তারা কৃষক – **They** are farmers.

আপনারা খেলোয়াড় – **You** are players.

### Adjective (বিশেষণ)

সে গরিব – He is **poor.**

ফুলটি লাল – The flower is **red.**

গাছটি খাটো – The tree is **short.**

তিনি একজন ভালো লোক – He is a **good** man.

ছেলেটি নির্দোষ – The boy is **innocent.**

লোকটি নিষ্ঠুর – The man is **cruel.**

### Verb (ক্রিয়া)

আমি স্কুলে যাই – I **go** to school.

আমি ভাত খাই – I **eat** rice.

ময়না ছবি আঁকে – Mayna **draws** picture.

টুম্পা ঘুমায় – Tumpa **sleeps.**

মা ভাত রান্না করেন – Mother **cooks** rice.

নয়ন মিথ্যা কথা বলে – Nayan **tells** a lie.

### Adverb (ক্রিয়াবিশেষণ)

তাড়াতাড়ি আসো – Come **quickly.**

ধীরে ধীরে চলো – Walk **slowly.**

ঘোড়া দ্রুত দৌড়ায় – The horse runs **fast.**

আমি তাড়াতাড়ি লিখি – I write **quickly.**

আমি সেখানে যাব – I shall go **there**.

তুমি কখন আসবে? – **When** will you come?

### Preposition (পদান্বয়ী অব্যয়)

বাবা বাড়িতে ছিলেন – Father was **at** home.

আমি দ্বিতীয় শ্রেণিতে পড়ি – I read **in** class two.

তিনি ঢাকা থাকে – He lives **in** Dhaka.

আমার পাশে বসো – Sit **by** me.

ছবিটার দিকে তাকাও – Look **at** the picture.

চেয়ারে বস – Sit **on** the chair.

### Conjunction (সংযোজক অব্যয়)

হয় করো, নয় মরো – Either do **or** die.

সাবু এবং আবু হয় বন্ধু – Sabu **and** Abu are friends.

লোকটি দরিদ্র তবে সৎ – The man is poor **but** honest.

## Interjections (আবেগসূচক অব্যয়)

হায়! আমার সর্বনাশ হয়েছে – **Alas**! I am undone.
সাবাস! তুমি ভালো করেছো – **Bravo!** You have done well.
অহ্! কী ব্যথা – **Oh!** What a pain.

## EXERCISE (অনুশীলনী)

**ইংরেজি করো :**

সে আমার বন্ধু। আমরা বাংলাদেশি। আমার নাম ময়না। আমার মা একজন গৃহিণী। তোমার নাম কী? মেয়েটি খাট। দুইয়ে দুইয়ে চার হয়। সর্বদা সত্য কথা বলবে। সে জোরে কথা বলে।

# Lesson–5 TENSE

## Present Tense (বর্তমান কাল)

আমি খাই – I **eat**.
তুমি লেখ – You **write.**
সে হাসে – He **laughs.**
তুমি ঘুমাও – You **sleep.**
আমি বই পড়ি – I **read** a book.
সে ভাত খায় – He **eats** rice.
আমি পড়ি – I **read.**
আমরা পড়ি – We **read.**
তারা খেলে – They **play.**
আমরা ফুটবল খেলি – We play **football.**
তারা চা পান করে – They **drink** tea.
সে স্কুলে যায় – He **goes** to school.

## Past Tense (অতীত কাল)

আমি দেখেছিলাম – I **saw.**
তুমি পড়েছিলে – You **read.**
সে ভাত খেয়েছিল –He **ate** rice.
সে আপেল খেয়েছিল – He **ate** an apple.
আমি খেয়েছিলাম – I **ate.**
তোমরা করেছিলে – You **did.**
তারা পড়েছিল – They **read.**
আমি স্কুলে গিয়েছিলাম – I **went** to school.

## Future Tense (ভবিষ্যৎ কাল)

আমি যাব – I **shall go.**
তুমি যাবে – You **will go.**
সে যাবে – He **will go.**
আমি দৌড়াব – I **shall run.**
সে ক্রিকেট খেলবে – He **will play** cricket.
আমরা যাব – We **shall go.**
তোমরা যাবে – You **will go.**
তারা যাবে – They **will go.**
আমি ভাত খাব – I **shall eat rice.**
তারা চা পান করবে – They **will drink** tea.

## EXERCISE (অনুশীলনী)

**ইংরেজি করো :**

সে বই পড়ে। তারা ক্রিকেট খেলে। সে স্কুলে যায়। তারা ফুটবল খেলে। তারা চা পান করে। আমরা চাঁদ দেখি। সে ভাত খেয়েছিল। সে গান গাইল। সে চিঠি লিখেছিল। সে একটি বই কিনেছিল।

**3. Write an application to the Headmaster for the remiss ion of delay fine.**
(বিলম্ব ফি মওকুফের জন্য প্রধান শিক্ষকের নিকট একখানা দরখাস্ত লেখো।)

Date: 12th January, 2024
The Headmaster
....................School, Dhaka.

**Subject: Prayer for the remission of delay fine.**

Sir,
I beg to state that I could not pay my tution fees for the last month timely because my father was not at home.
I therefore, pray and hope that you would be kind enough to remit my dealy fine for this time only.

I remain sir,
Your most obedient pupil
Ali Azam
Class 2. Roll No 5

অনুবাদ

তারিখ : ১২ই জানুয়ারি, ২০২৪
প্রধান শিক্ষক
.............. স্কুল, ঢাকা।

বিষয় : বিলম্ব ফি মওকুফের জন্য আবেদন।

জনাব,
বিনীত নিবেদন এই যে, আমার বাবা বাড়িতে উপস্থিত ছিলেন না বলে আমি গত মাসের বেতন সময় মতো দিতে পারিনি।
অতএব, জনাবের নিকট বিনীত নিবেদন শুধুমাত্র এ মাসের জন্য আমার বিলম্ব ফি মওকুফ করে বাধিত করবেন।
বিনীত,
আপনার একান্ত অনুগত ছাত্র
আলী আজম
দ্বিতীয় শ্রেণি, রোল নং – ৫

# PARAGRAPH WRITING

Paragraph শব্দটির অর্থ হচ্ছে অনুচ্ছেদ। কোনো বিষয়ের উপর সম্পর্কযুক্ত কতগুলো Sentence মিলে একটি Paragraph গঠিত হয়। একটি Paragraph–এ একটিমাত্র ভাব বর্তমান থাকে। নিচে কতগুলো নমুনা দেয়া Paragraph হলো :

## 1. Myself (মাইসেল্‌ফ) – আমি নিজে



My name is Rana. I am seven years old (ওল্ড). I am a student (স্টুডেন্ট). I read in Class two. The name of my school is Uttoran Kindergarten. My father is a businessman (বিজনেসম্যান) and my mother is a housewife (হাউজ ওয়াইফ). I have one brother. He reads in my school. I live with my parents. I want (ওয়ান্ট) to be a doctor in future.

অনুবাদ : আমার নাম ফারদিন। আমার বয়স সাত বছর। আমি একজন ছাত্র। আমি দ্বিতীয় শ্রেণিতে পড়ি। আমার বিদ্যালয়ের নাম উত্তরণ কিন্ডারগার্ডেন। আমার বাবা একজন ব্যবসায়ী এবং মা একজন গৃহিণী। আমার একটি ভাই আছে। সে আমার বিদ্যালয়ে পড়ে। আমি আমার বাবা–মার সাথে থাকি। আমি ভবিষ্যতে একজন ডাক্তার হতে চাই।

## 2. My Family (মাই ফ্যামিলি) – আমার পরিবার



I live in a family (ফ্যামিলি). I have my parents. Rabbi is my brother. He reads in class four. My father is a businessman (বিজনেসম্যান). My mother is a houswife (হাউজ ওয়াইফ). My mother teaches me at home. She looks after us with great care. We are a happy family (হ্যাপি ফ্যামিলি).

অনুবাদ : আমি একটি পরিবারে বাস করি। আমার পিতামাতা আছেন। রাব্বি আমার ভাই। সে চতুর্থ শ্রেণিতে পড়ে। আমার পিতা একজন ব্যবসায়ী। আমার মা একজন গৃহিণী। আমার মা বাসায় আমাকে লেখাপড়া শেখান। তিনি আমাদেরকে অতি যত্নসহকারে দেখাশোনা করেন। আমরা একটি সুখী পরিবার।